



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়



নওয়াব ফয়জুন্নেছা সরকারি কলেজ

পশ্চিমগাঁও, লাকসাম, কুমিল্লা।

তারিখ : ০৯ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

২০২০-২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা **কলেজ ওয়েবসাইটে (www.nfgc.edu.bd) ভর্তি ফরম পূরণ করবে** এবং ভর্তির জন্য নির্ধারিত **সেশন ফি ও পরীক্ষার ফি বিকাশের মাধ্যমে জমা দিবে**। ফরম পূরণের পূর্বে অবশ্যই শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি স্ক্যান করে রাখতে হবে, যা ফরমের নির্ধারিত স্থানে যুক্ত করতে হবে। অতঃপর **ভর্তি ফরম ও টাকা জমার রশিদ ডাউনলোড করে কলেজ অংশ প্রয়োজনীয় কাগজপত্রসহ কলেজের নির্ধারিত কক্ষে জমা দিতে হবে**। নির্ধারিত সময়ে ভর্তি না হলে অথবা পূরণকৃত ফরম ও ফি জমার রশিদ কলেজে জমা না দিলে অথবা ফরম পূরণের সময় কোন ভুল তথ্য প্রদান করলে শিক্ষার্থীর মনোনয়ন ও ভর্তি বাতিল হয়ে যাবে। সম্পূর্ণ প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন হবে বিধায় নির্ধারিত সময়ে সতর্কতার সাথে ভর্তির যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। করোনা মহামারীজনিত **ব্যক্তিগত স্বাস্থ্য-সুরক্ষা মেনে চলার জন্য সবাইকে নির্দেশ দেয়া হলো**। ভর্তির ফরম জমাদানের ক্ষেত্রে শিক্ষার্থী ব্যাতিত অন্য কেউ কলেজে প্রবেশ করতে পারবে না।

ভর্তির ফি এর হার নিম্নরূপ :

বিভাগ	ছাত্র	ছাত্রী
বিজ্ঞান	২৯০৫.৫৮ টাকা (বিকাশ চার্জসহ)	২৬৬১.৯২ টাকা (বিকাশ চার্জসহ)
মানবিক/ ব্যবসায় শিক্ষা	২৮২৪.৩৬ টাকা (বিকাশ চার্জসহ)	২৫৮০.৭০ টাকা (বিকাশ চার্জসহ)

বিশেষ দৃষ্টব্যঃ

ভর্তি ফরম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী কলেজে জমা নেয়া হবে-

১৩/০৯/২০২০ থেকে ১৬/০৯/২০২০ তারিখ প্রতিদিন সকাল ১০:০০ টা থেকে বিকাল ২:০০ পর্যন্ত।

ভর্তি সংক্রান্ত কাজে ব্যাংক ব্যতিত অন্য কারও সাথে কোন প্রকার আর্থিক লেনদেন করলে তার দায়িত্ব কলেজ কর্তৃপক্ষ বহন করবে না।

** ভর্তির ফরমপূরণসহ সকল নির্দেশনা ওয়েবসাইটে দেয়া আছে। যেকোন তথ্যের জন্য কলেজের ওয়েবসাইট দেখুন।

০৯/০৯/২০২০

অধ্যক্ষ

নওয়াব ফয়জুন্নেছা সরকারি কলেজ,
লাকসাম, কুমিল্লা।

০৯/০৯/২০২০

(দেওয়ান মোহাম্মদ ইয়াছির আরাফাত)

আহ্বায়ক

একাদশ শ্রেণির ভর্তি কমিটি-২০২০

নওয়াব ফয়জুন্নেছা সরকারি কলেজ

মোবাইল: ০১৩০৯১০৫৯৫৫; ০১৭১২১৫৬৭৭৮